


“ফৌজদারী কার্যবিধির ১৪৪ ধারার আদেশ”

তেরখাদা উপজেলাধীন ইখড়ি কাটেংগা ফজলুল হক মডেল মাধ্যমিক বিদ্যালয় কেন্দ্রে আগামী ২৮/১২/২০২৫ খ্রি: তারিখ হতে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর এর অধীনে ২০২৫ সালের জুনিয়র বৃত্তি পরীক্ষা-২০২৫ অনুষ্ঠিত হবে। উক্ত পরীক্ষা কেন্দ্রের পরীক্ষা সম্পূর্ণ সুষ্ঠু, নকলমুক্ত এবং শান্তিপূর্ণভাবে সম্পন্নের লক্ষ্যে আমি এ. বি. এম. সারোয়ার রাকী, উপজেলা নির্বাহী অফিসার ও এলেকট্রিকিউটিভ ম্যাজিস্ট্রেট, তেরখাদা, খুলনা ফৌজদারী কার্যবিধির ১৪৪ ধারামতে পরীক্ষা চলাকালীন দিনগুলোতে পরীক্ষা আরম্ভ হওয়ার ৩০ মিনিট পূর্ব হতে পরীক্ষা শেষ হওয়ার ৩০ মিনিট পর পর্যন্ত উক্ত পরীক্ষা কেন্দ্রের চারপাশে ২০০ (দুইশত) গজ সীমানার মধ্যে পরীক্ষার্থী ও পরীক্ষা পরিচালনার কাজে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারী ও পরীক্ষার্থীগণ ব্যতীত সর্বসাধারণের প্রবেশ ও চলাচল নিষিদ্ধসহ নিম্নোক্ত শর্তাবলী প্রতাপালনের আদেশ জারী করলাম।

শর্তাবলী:

- ০১। ২০০ গজের মধ্যে ০৫ (পাঁচ) বা ততোধিক ব্যক্তির সকল প্রকার সভা সমাবেশ নিষিদ্ধ ঘোষণা করা হলো।
- ০২। সকল প্রকার আগ্নেয়াস্ত্র/ লাঠি/চাকু ও ধারালো অস্ত্র ব্যবহার নিষিদ্ধ করা হলো।
- ০৩। যে কোন প্রকার মাইক্রোফোন ও লাউড স্পীকার ব্যবহার নিষিদ্ধ করা হলো।
- ০৪। যে কোন প্রকার পোস্টার ব্যবহার নিষিদ্ধ করা হলো।
- ০৫। পরীক্ষার কাজে নিয়োজিত কর্মকর্তা, কর্মচারী ও পরীক্ষার্থীদের চলাচলে কোন প্রকার বাধা প্রদানে নিষেধ করা হলো।
- ০৬। পরীক্ষা কেন্দ্রের ২০০ গজের মধ্যে অবস্থিত বাসাবাড়ি ও ব্যবসা প্রতিষ্ঠানে কোনরূপ অহেতুক লোক সমাগম নিষেধ করা হলো।
- ০৭। তেরখাদা বাজারের ফটোকপি মেশিন ব্যবসায়ীগণকে পরীক্ষা শুরু ৩০ মিনিট পূর্ব হতে পরীক্ষা চলাকালীন পর্যন্ত ফটোকপি মেশিন বন্ধ রাখার নির্দেশ দেয়া হলো।

এ আদেশ অমান্যকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।



(এ. বি. এম. সারোয়ার রাকী)
উপজেলা নির্বাহী অফিসার

ও

এলেকট্রিকিউটিভ ম্যাজিস্ট্রেট
তেরখাদা, খুলনা

+৮৮০২৪ ৭৭৭৩১৯০৬

মোবাইল : ০১৭৯৪-৪৯২১৫৭

E-mail: unotergkhada@mopa.gov.bd


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
তেরখাদা, খুলনা
www.terokhada.khulna.gov.bd

নম্বর: ০৫.৪৪.৪৭৯৪.০০১.৯৯.০০৮.২৫- ৮১৮১

তারিখ: ১৮ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
২২ ডিসেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা
- ২। পুলিশ সুপার, খুলনা
- ৩। অফিসার ইন-চার্জ, তেরখাদা থানা, খুলনা। (পরীক্ষা চলাকালীন প্রয়োজনীয় পুলিশ মোতায়েনসহ এই আদেশটি কার্যকরী করার অনুরোধসহ)
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তেরখাদা, খুলনা
- ৫। প্রধান শিক্ষক, ইখড়ি কাটেংগা ফজলুল হক মডেল মাধ্যমিক বিদ্যালয় ও কেন্দ্র সচিব তেরখাদা, খুলনা।
(তাকে মাইকযোগে আদেশটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
- ৬। উপজেলা আইসিটি অফিসার, তেরখাদা, খুলনা (এই আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৭। অফিস নথি।



উপজেলা নির্বাহী অফিসার
তেরখাদা, খুলনা